


স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.১৬.০৯৯.২২-৩৫২

তারিখ: আষাঢ় ১৪৩১
জুলাই ২০১৪

“নোটিশ”

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম এর ১৩/০৫/২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৭.৪৯০০০.০০৫.০৬.০১৬.২১.৩৭৪ নং স্মারক এবং আইন শাখা-১, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের, ২২/১১/২০২০ খ্রি. তারিখের ৬৭০ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে নাগেশ্বরী থানাধীন রায়গঞ্জ ইউনিয়নের চর দামাল গ্রাম মৌজাস্থ জৈনৈক মো: আনসার আলী এর জমিতে ফাঁকা জায়গায় ডাবু দিয়ে জুয়া খেলো। নাগেশ্বরী সার্কেল অফিসের এমসিসি নং-৫৭/২৩, তারিখ ২৯/১১/২০২৩ খ্রি. মূলে জনাব মো: সুমন রেজা, সহকারী পুলিশ সুপার (অতিরিক্ত পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) এর নেতৃত্বে থানা এলাকায় গ্রেফতারি পরোয়ানা তামিল, মাদকদ্রব্য উদ্ধার ও বিশেষ অভিযান পরিচালনাকালে উক্ত স্থান হতে জুয়া খেলারত অবস্থায় ০৮(আট) জন জুয়ারিকে আটক করেন এবং মালামালসহ থানার উদ্দেশ্যে রওনা হলে পথিমধ্যে ধৃত আসামীদেরকে ছিনিয়ে নেয়ার উদ্দেশ্যে অবৈধ জনতা দলবদ্ধ হয়ে পলাতক আসামীগণসহ লাঠি-সোটা, লোহার রড, ধারালো ছোড়া ও দেশীয় অস্ত্র দ্বারা পুলিশের সরকারি কাজে বাধা প্রদান করেন এবং পুলিশ কনস্টেবল/১১৩২ মো: মাহমুজ রহমানকে লোহার রড দ্বারা গুরুতর আঘাত ও জখম করেন। উক্ত কনস্টেবলকে উদ্ধারের জন্য জনাব মো: সুমন রেজা সহকারী পুলিশ সুপার (অতিরিক্ত পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) এর গানম্যান কনস্টেবল /৮২৪ মো: শরিফুল ইসলামের নামে ইস্যুকৃত চায়না পিস্তল যাহার আরসোনাল নম্বর ৫০০০৮২৭১ দিয়ে তিনি নিজেই ০৪(চার) রাউন্ড ফাঁকা ফায়ার করেন এবং কনস্টেবল/১১৩২ মো: মাহমুজ রহমানকে উদ্ধার করেন। উক্ত ০৪(চার) রাউন্ড ফাঁকা ফায়ারের বিষয়ে নির্বাহী তদন্ত আগামী ০৯/০৭/২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় ঘটনাস্থল রায়গঞ্জ ইউনিয়নের চর দামাল গ্রাম মৌজাস্থ জৈনৈক মো: আনসার আলীর ফাঁকা জমিতে অনুষ্ঠিত হবে।

০২। উল্লিখিত তারিখে এমসিসি নং-৫৭/২৩ এর ফটোকপি, মালামালের সিজার লিষ্টের ফটোকপি ও সাক্ষ্য প্রমাণাদিসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সরেজমিনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(এম. শরীফ খান)

সহকারী কমিশনার

ও

বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, কুড়িগ্রাম

১. জনাব মো: সুমন রেজা
পূর্বতন সহকারী পুলিশ সুপার, নাগেশ্বরী সার্কেল, কুড়িগ্রাম
(বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার, নৌ পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চল)
২. কনস্টেবল/১১৩২ মো: মাহমুজ রহমান
৩. কনস্টেবল/৮২৪ মো: শরিফুল ইসলাম

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম
৩. পুলিশ সুপার, নৌ পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চল (জনাব মো: সুমন রেজা, অতিরিক্ত পুলিশ সুপারকে বর্ণিত তারিখ ও সময়ে ঘটনাস্থলে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হলো)
৪. সহকারী পুলিশ সুপার, নাগেশ্বরী সার্কেল, কুড়িগ্রাম
৫. অফিসার ইনচার্জ নাগেশ্বরী থানা, নাগেশ্বরী, কুড়িগ্রাম (তাকে তদন্তের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স ঘটনাস্থলে নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো)
৬. চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম (তাকে তদন্তের সময় ঘটনাস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)